

# যে কারণে কারাগারে থেকেই এসএসসি পরীক্ষা দিচ্ছেন তারা

অনলাইন ডেঙ্ক

প্রকাশিত: ১১:২২, ১৭ ফেব্রুয়ারি ২০২৪



কারাগারে বসেই এসএসসি পরীক্ষা

একটি মামলায় সম্পত্তি গ্রেপ্তার হন নারায়ণগঞ্জের তিন এসএসসি পরীক্ষার্থী। এরপর জামিন না মেলায় কারাগারে বসেই এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় অংশগ্রহণ করছেন এই তিন শিক্ষার্থী।

**UNIBOTS**

পরীক্ষায় অংশ নেওয়া তিন শিক্ষার্থী হলেন নাহিদুল ইসলাম নিপুণ, রূপম প্রধান ও দিপু দেওয়ান। তারা রূপগঞ্জ উপজেলার ভারতচন্দ্র উচ্চ বিদ্যালয়ের এসএসসি (ভোকেশনাল) শাখার শিক্ষার্থী। এবার মুড়াপাড়া সরকারি পাইলট মডেল হাই স্কুল কেন্দ্রের পরীক্ষার্থী ছিলেন তারা।

নারায়ণগঞ্জ জেলা প্রশাসক মাহমুদুল হক বলেন, একটি মামলায় এবারের এসএসসির রূপগঞ্জের ভারত চন্দ্র উচ্চ বিদ্যালয়ের ৩ জন পরীক্ষার্থী কারাগারে রয়েছে। শিক্ষক, পুলিশ ও কারা কর্তৃপক্ষের উপস্থিতিতে তারা এসএসসির প্রথম পরীক্ষা দিয়েছে। শিক্ষার্থীদের ভবিষ্যতের লেখাপড়ার কথা চিন্তা করে কারাগারেই পরীক্ষা দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। কারাগারে থাকলে বাকি পরীক্ষাগুলোতেও অংশ নিতে পারবে। সেরকম ব্যবস্থা নেওয়া হয়েছে।

নারায়ণগঞ্জ জেল সুপার মোক্ষামেল হোসেন বলেন, ২০২৪ সালের ফেব্রুয়ারিতে নারী ও শিশু নির্যাতনের মামলায় ৩ জন এসএসসির শিক্ষার্থী কারাগারে রয়েছে। কর্তৃপক্ষের নির্দেশে এই তিনজন পরীক্ষার্থীর পরীক্ষা দেওয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপস্থিতিতে এসএসসির প্রথম পরীক্ষা সম্পন্ন করেছে তারা।

মুড়াপাড়া সরকারি পাইলট মডেল হাই স্কুলের এসএসসি (ভোকেশনাল) কেন্দ্র সচিব মো. ইয়াকুব আলী বলেন, গত ১৪ ফেব্রুয়ারি সন্ধ্যায় নারায়ণগঞ্জ জেল সুপার ফোন করে জানান কাঞ্চন ভারত চন্দ্র উচ্চ বিদ্যালয়ের ভোকেশনাল শাখার ৩ জন পরীক্ষার্থী কারাগারে রয়েছে। আমি তৎক্ষণিক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সীমন সরকারকে অবগত করি। তাদের সহযোগিতায় মুড়াপাড়া সরকারি পাইলট মডেল হাই স্কুলের শিক্ষক আব্দুল মজিদ খানকে পরীক্ষার পরিদর্শক নিয়োগ দেই। পরে পরীক্ষার দিন সকাল সাড়ে ৭টায় সহকারী কমিশনার ভূমি সীমন সরকার, দুজন ট্যাগ অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের উপস্থিতিতে থানার ট্রেজারি থেকে প্রশ্নপত্র বের করে সিলগালা করে পুলিশ পাহারায় নারায়ণগঞ্জ কারাগারে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করা হয়।

জানা যায়, নারী ও শিশু নির্যাতনের একটি মামলায় গত ৯ ফেব্রুয়ারি পুলিশ তাদের গ্রেপ্তার করে নারায়ণগঞ্জ আদালতে পাঠায়। তারা নারায়ণগঞ্জ আদালতে জামিন চাইতে গেলে আদালত তাদের জামিন নামঙ্গুর করে কারাগারে পাঠান।

---

বারাত